

তিনটি কবিতা

এক

বন্ধু, তৈরী কী...

একদা ছিলো সবুজ নীল এখন গৈরিকী
একদা ছিলো তীর্থ যাত্রা এখন দৈনিকী
জীবন - যুদ্ধে পর্যুদস্ত সকল সৈনিকই

তবুও আমরা জীবনবাদী
বন্ধু তৈরীকী ॥

দুই

স্পর্শক

একটি গোলাপের রঙে-রাঙানো পাপড়ি
একটি প্রণামের স্পর্শহীনতার স্পর্শক
একটি কবিতার দু'চোখে দূরাকাশ

হঠাৎই ঘনালো তারকা - খচিত রাত্রি ॥

তিন

আর-এক পৃথিবী

কবিতার কাছে তুমি কী কী চাও, এখনও জানি না
প্রকৃতি প্রিয়তা, না কী প্রবাহিত আয়ুর ধারণা?
যা জীবন, না কী গূঢ় আয়োজন বর্ণচিহ্নীন---

কেবলি ভাঙার শব্দে গ'ড়ে ওঠে আর এক পৃথিবী ॥

কবিরুল ইসলাম

